



2018/TDC/ODD/BNGC-102T/065

TDC (CBCS) Odd Semester Exam., 2018

BENGALI

(1st Semester)

Course No. : BNGHCC-102T

(প্রাচীন ও মধ্যযুগের বাংলা সাহিত্য)

পূর্ণমান : ৭০

উত্তীর্ণমান : ২৮

সময় : ৩ ঘণ্টা

পার্স্বছ সংখ্যা পূর্ণমান নির্দেশক

ক—বিভাগ

১। যে কোনো দুটি প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাও : ২×২=৪

(ক) 'হাজার বছরের পুরানো বাংলা ভাষায় বৌদ্ধ গান ও দোঁহা' নামক গ্রন্থটি কার সম্পাদনায়, কোন্ প্রকাশন সংস্থা থেকে প্রকাশিত হয়েছিল?

(খ) শূন্যস্থান পূর্ণ করো :

“অপণা মাংসে _____ ।”

(গ) 'চর্যাপদ'-এর যে কোনো দুজন পদকর্তার নাম লেখো।

২। (ক) 'চর্যাপদ'-এ প্রতিফলিত সামাজিক জীবনযাত্রার চিত্র বর্ণনা করো। ১০



(2)

অথবা

(খ) “ভবর্গই গহণ গস্তীর বেগে বাহী।”

চাটিলপাদ বিরচিত পাঁচ সংখ্যক এই পদটির মর্মার্থ
বিপ্লেষণ করো।

১০

খ—বিভাগ

৩। যে কোনো দুটি প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাও :

২×২=৪

(ক) রূপ গোস্বামী শৃঙ্গার বা উজ্জ্বল রসকে দু'ভাগে ভাগ
করেছেন। ভাগ দুটি কী কী?

(খ) “ঘরের বাহিরে দণ্ডে শতবার”

এই বৈষ্ণব পদটি কোন্ পর্যায়ের এবং পদকর্তা কে?

(গ) শূন্যস্থান পূর্ণ করো :

“কন্টক গাড়ি _____ পদতল

মঞ্জীর _____ কাঁপি।”

৪। (ক) তোমার পাঠ্যতালিকাতুক্ত ‘পূর্বরাগ’ পর্যায়ের পদগুলির
কাব্যসৌন্দর্য বিচার করো।

১০

অথবা

(খ) ‘অভিসার’ পর্যায়ের শ্রেষ্ঠ কবির নাম উল্লেখ করে এই
পর্যায়ের পদরচনায় কবির কৃতিত্বের পরিমাপ করো।

১০

J9/1043

(Continued)

(3)

গ—বিভাগ

৫। যে কোনো দুটি প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাও : ২×২=৪

(ক) মুকুন্দরাম চক্রবর্তীর ‘চণ্ডীমঙ্গল’ কাব্যের ষষ্ঠ দুটির নাম
কী কী?

(খ) কালকেতু-ফুল্লরা স্বর্গের কোন্ দুইজন শাপভ্রষ্ট
দেব-দেবী?

(গ) “সোনাকরুপা নহে বাপা এ বেঙ্গা পিতল।
ঘসিয়া মাজিয়া বাপু করেছ উজ্জল।”

এখানে কোন্ বস্তুকে পিতলের বলা হয়েছে এবং বক্তা
কে?

৬। (ক) “কবিকল্পন মঙ্গলকাব্যের চিত্রাচারিত বারমাস্যার বর্ণনাকে
জীবন্ত করে তুলেছেন—নারী মনস্তত্ত্বের রূপায়ণে।”
মুকুন্দরামের ‘চণ্ডীমঙ্গল’ কাব্যের ‘ফুল্লরার বারমাস্যা’
অংশটি আলোচনা করে উক্তিটির যথার্থ্য নিরূপণ করো। ১০

অথবা

(খ) “এ যুগে জন্মগ্রহণ করিলে তিনি যে কবি না হইয়া
একজন ঔপন্যাসিক হইতেন, তাহাতে সংশয়মাত্র নাই।”
মুকুন্দরামের ‘চণ্ডীমঙ্গল’ কাব্যের কালকেতুর কাহিনীতে
উপন্যাস-লক্ষণের উপস্থিতি প্রসঙ্গে বিশিষ্ট সমালোচকের
এই মন্তব্যটি বিশদ করো। ১০

J9/1043

(Turn Over)



(4)

ঘ—বিভাগ

৭। যে কোনো দুটি প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাও : $2 \times 2 = 8$

(ক) চৈতন্যদেবের জন্মস্থান ও পিতৃভূমির নাম লেখো।

(খ) “হইল পাপিষ্ঠ জন্ম না হৈল তখনে।

ইহলাভ বঞ্চিত সে মুখ দরশনে॥”

‘চৈতন্যভাগবত’-এর আদিখণ্ডের দশম অধ্যায়ে এই আক্ষেপটি কার এবং এমন আক্ষেপের কারণ কী?

(গ) ‘চৈতন্যভাগবত’-এর প্রথম নাম কি ছিল? চৈতন্যলীলার ব্যাস কাকে বলা হয়?

৮। (ক) ‘চৈতন্যভাগবত’-এর আদিখণ্ডে অবলম্বনে চৈতন্যের বাল্যলীলা বর্ণনা করো। 10

অথবা

(খ) “‘চৈতন্যভাগবত’ ভক্তের রচনা হলেও ভক্তির সঙ্গে সমাজমনস্কতাও জড়িত।” গ্রন্থ অবলম্বনে তৎকালীন গ্রাম-সমাজের সংক্ষিপ্ত পরিচয় দাও। 10

ঙ—বিভাগ

৯। যে কোনো দুটি প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাও : $2 \times 2 = 8$

(ক) ‘শাক্ত পদাবলী’র কোন্ দুটি পর্যায় তোমাদের পাঠ্য এবং এই পর্যায়ের পদগুলোর প্রধান রস কী?

(5)

(খ) কোন্ শাক্ত পদকর্তার উপাধি ‘কবিরঞ্জন’ এবং এই উপাধি কে দিয়েছেন?

(গ) “ওরে নবমী নিশি না হইওরে অবসান,
শুনি দারুণ তুমি, না রাখ সতের মান।”
পংক্তি দুটি কোন্ পর্যায়ের এবং কার রচনা?

১০। (ক) “‘শাক্ত পদাবলী’র ‘আগমনী’ ও ‘বিজয়া’ পর্যায়ের পদে হিমালয় ও মেনকার গার্হস্থ্যজীবন ও তৎকালীন সমাজের পরিচয় পাওয়া যায়।” আলোচনা করো। 10

অথবা

(খ) “গিরি, এবার আমার উমা এলে আর উমা
পাঠাবো না।
বলে বলবে লোকে মন্দ, কারো কথা শুনব না।”
‘আগমনী’ পর্যায়ের এই শাক্ত পদটিতে মাতৃহৃদয়ের যে
আকৃতি প্রকাশিত হয়েছে তা সংক্ষেপে আলোচনা করো। 10
